# হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০২০

( ২০২০ সনের ১৮ নং আইন )

**কৃষি বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে প্রাগ্রসর বিশ্বের সহিত সংগতি রক্ষা ও সমতা অর্জন এবং জাতীয় পর্যায়ে কৃষি বিজ্ঞানে উন্নত শিক্ষাদানের পাশাপাশি বিজ্ঞান, প্রযুক্তি ও প্রচলিত অন্যান্য বিষয়ে উচ্চতর শিক্ষা ও গবেষণার সুযোগ সৃষ্টি এবং নূতন প্রযুক্তি উদ্ভাবনসহ দেশে কৃষি, বিজ্ঞান ও প্রযুক্তির শিক্ষার সম্প্রসারণের নিমিত্ত হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয় নামে একটি বিশ্ববিদ্যালয় স্থাপনকল্পে প্রণীত আইন**

যেহেতু কৃষি বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে প্রাগ্রসর বিশ্বের সহিত সংগতি রক্ষা ও সমতা অর্জন এবং জাতীয় পর্যায়ে কৃষি বিজ্ঞানে উন্নত শিক্ষাদানের পাশাপাশি বিজ্ঞান, প্রযুক্তি ও প্রচলিত অন্যান্য বিষয়ে উচ্চতর শিক্ষা ও গবেষণার সুযোগ সৃষ্টি এবং নূতন প্রযুক্তি উদ্ভাবনসহ দেশে কৃষি, বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার সম্প্রসারণের নিমিত্ত হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয় নামে একটি বিশ্ববিদ্যালয় স্থাপন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

**সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**

১। (১) এই আইন হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০২০ নামে অভিহিত হইবে।

* (২) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে ইহা কার্যকর হইবে।

* এস, আর, ও নং ৩০১-আইন/২০২০, তারিখঃ ১০ নভেম্বর, ২০২০ ইং দ্বারা ০২ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ মোতাবেক ১৭ ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখ হতে উক্ত আইন কার্যকর।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে—

(১) ’ ‘অর্গানোগ্রাম’ ’ অর্থ আচার্য কর্তৃক অনুমোদিত অর্গানোগ্রাম;

(২) ’ ‘অর্থ কমিটি’ ’ অর্থ বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটি;

(৩) ’ ‘অনুষদ’ ’ অর্থ বিশ্ববিদ্যালয়ের অনুষদ;

(৪) ’ ‘ইনস্টিটিউট’ ’ অর্থ বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত, অনুমোদিত বা স্থাপিত কোনো ইনস্টিটিউট;

(৫) ’ ‘একাডেমিক কাউন্সিল’ ’ অর্থ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল;

(৬) ’ ‘কর্তৃপক্ষ’ ’ অর্থ ধারা ১৭ এ উল্লিখিত কোনো কর্তৃপক্ষ;

(৭) ’ ‘কর্মচারী’ ’ অর্থ ধারা ৮ এ উল্লিখিত কোনো কর্মচারী;

(৮) ’ ‘আচার্য’ ’ অর্থ বিশ্ববিদ্যালয়ের আচার্য;

(৯) ’ ‘ছাত্র বিষয়ক উপদেষ্টা’ ’ অর্থ ধারা ৮ (ঠ) এ উল্লিখিত ছাত্র বিষয়ক উপদেষ্টা;

(১০) ' 'ট্রেজারার' ' অর্থ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার;

(১১) ' 'ডিন' ' অর্থ অনুষদের ডিন;

(১২) ' 'তপশিল' ' অর্থ এই আইনের তপশিল;

(১৩) ' 'পরিকল্পনা ও উন্নয়ন কমিটি' ' অর্থ বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন কমিটি;

(১৪) ' 'প্রক্টর' ' অর্থ বিশ্ববিদ্যালয়ের প্রক্টর;

(১৫) ' 'প্রবিধান' ' অর্থ এই আইনের অধীন প্রণীত বিশ্ববিদ্যালয়ের প্রবিধান;

(১৬) ' 'প্রভোস্ট' ' অর্থ বিশ্ববিদ্যালয়ের কোনো হলের প্রধান;

(১৭) ' 'উপউপাচার্য' ' অর্থ বিশ্ববিদ্যালয়ের উপউপাচার্য;

(১৮) ' 'বিধি' ' অর্থ এই আইনের অধীন প্রণীত বিশ্ববিদ্যালয়ের বিধি;

(১৯) ' 'বিভাগ' ' অর্থ বিশ্ববিদ্যালয়ের কোনো বিভাগ;

(২০) ' 'বিভাগীয় চেয়ারম্যান' ' অর্থ কোনো বিভাগের প্রধান;

(২১) ' 'বিশ্ববিদ্যালয়' ' অর্থ ধারা ৩ এর অধীন স্থাপিত হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়;

(২২) ' 'বোর্ড অব গভর্নর্স' ' অর্থ ইনস্টিটিউটের বোর্ড অব গভর্নর্স;

(২৩) ' 'উপাচার্য' ' অর্থ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য;

(২৪) ' 'মঞ্জুরি কমিশন' ' অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (President's Order No. 10 of 1973) এর অধীন গঠিত University Grants Commission of Bangladesh;

(২৫) ' 'রেজিস্ট্রার' ' অর্থ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার;

(২৬) ' 'শিক্ষক' ' অর্থ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক বা প্রভাষক এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক শিক্ষক হিসাবে স্বীকৃত অন্য কোনো ব্যক্তি;

(২৭) ' 'শিক্ষার্থী' ' অর্থ বিশ্ববিদ্যালয়ের নিয়মিত শিক্ষা কার্যক্রমে ভর্তিকৃত কোনো শিক্ষার্থী;

(২৮) ' 'শৃঙ্খলা কমিটি' ' অর্থ বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা কমিটি;

(২৯) ' 'সংবিধি' ' অর্থ এই আইনের অধীন প্রণীত বিশ্ববিদ্যালয়ের সংবিধি;

(৩০) ' 'সিন্ডিকেট' ' অর্থ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট;

(৩১) ' 'হল' ' অর্থ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সংঘবদ্ধ জীবন এবং সহশিক্ষাক্রমিক শিক্ষদানের জন্য বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনায় ও পরিচালনাধীন ছাত্রাবাস।

**বিশ্ববিদ্যালয় স্থাপন**

৩। (১) এই আইনের বিধান অনুযায়ী হবিগঞ্জ জেলার সদর উপজেলায় হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয় (Hobiganj Agricultural University) নামে একটি বিশ্ববিদ্যালয় স্থাপিত হইবে।

(২) বিশ্ববিদ্যালয়ের আচার্য, উপাচার্য, উপউপাচার্য, ট্রেজারার, সিন্ডিকেট এবং একাডেমিক কাউন্সিলের সদস্যগণের সমন্বয়ে হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয় নামে একটি সংবিধিবদ্ধ সংস্থা গঠিত হইবে।

(৩) বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সিলমোহর থাকিবে এবং এই আইনের বিধান সাপেক্ষে ইহার স্থাবর ও অস্থাবর সকল প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং ইহা স্বীয় নামে মামলা দায়ের করিতে পারিবে এবং ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

**সকলের জন্য বিশ্ববিদ্যালয় উন্মুক্ত**

৪। যে কোনো জাতি, ধর্ম, বর্ণ, লিঙ্গ, গোত্র এবং শ্রেণির জন্য বিশ্ববিদ্যালয় উন্মুক্ত থাকিবে এবং কাহারও প্রতি কোনো প্রকার বৈষম্য করা যাইবে না।

**বিশ্ববিদ্যালয়ের ক্ষমতা**